

নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং- ৩৭.০১.৩৩০৫.০৩৯.১১.০০২.২৪. ০৯৬৫

তারিখঃ ৩০ মে ২০২৪
১৬ জ্যৈষ্ঠ ১৪৩১

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ এর নিম্নবর্ণিত পদে নিয়োগের লক্ষ্যে বাংলাদেশী স্থায়ী নাগরিকদের নিকট হতে Online- এ আবেদন আহ্বান করা যাচ্ছে।

ক্র. নং.	পদের নাম, বেতন স্কেল ও গ্রেড	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
এডুকেশনাল টেকনোলজি বিভাগ (শিক্ষা প্রযুক্তি বিভাগ)			
১	Distinguished Expert (চুক্তিভিত্তিক) (বেতনঃ সরকারি জাতীয় বেতন স্কেল অনুযায়ী সিলেকশন বোর্ড কর্তৃক নির্ধারিত)	১	১. প্রার্থীকে অবশ্যই প্রফেশনাল লার্নিং প্রোগ্রাম ডেভেলপমেন্ট, ম্যানেজমেন্ট এবং স্ট্র্যাটেজিতে দক্ষ হতে হবে। ২. দেশে অথবা বিদেশের স্বনামধন্য বিশ্ববিদ্যালয়ে শিক্ষা প্রযুক্তি/ শিক্ষা অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক প্রোগ্রাম পরিচালনা ও প্রশিক্ষণের বিশেষ দক্ষতা থাকতে হবে। ৩. প্রশিক্ষণ কোর্স এবং পাঠ্যক্রম উন্নয়ন প্রকল্প পরিচালনাসহ দেশে ও বিদেশের স্বনামধন্য একাডেমিক প্রতিষ্ঠান এবং কর্পোরেশনগুলির জন্য লার্নিং ডেভেলপমেন্ট, দূরবর্তী শিক্ষা এবং ই-লার্নিং সম্পর্কিত কাজ এর সাথে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। ৪. শিক্ষা প্রযুক্তি অথবা সংশ্লিষ্ট বিষয়ে পি এইচ ডি ডিগ্রি ও আন্তর্জাতিক 'শিক্ষা প্রযুক্তি' জার্নাল এ কাজের অভিজ্ঞতা থাকতে হবে।
সর্বমোট পদঃ		১	

শর্তাবলীঃ

- আগ্রহী প্রার্থীদের আগামী ১৪/০৬/২০২৪ তারিখ রাত ১২.০০ টার মধ্যে অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটঃ <https://jobs1.bdu.ac.bd/> এ Online Application Form পূরণের মাধ্যমে আবেদন করতে হবে। উক্ত Application Form ও নিয়োগ বিজ্ঞপ্তি ৩০/০৫/২০২৪ তারিখ রাত ১২.০০ টার পর থেকে বর্ণিত ওয়েবসাইটে পাওয়া যাবে।
- প্রার্থীদেরকে সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, ট্রান্সক্রিপ্ট/মার্কশীট, অভিজ্ঞতা সনদপত্র, জাতীয় পরিচয়পত্র, চাকরিরত হলে কর্তৃপক্ষের অনুমতিপত্র এর মূল সনদের রসিদ স্ক্যান কপি User ID ও Password দিয়ে Login করে Online Application Form এর নির্ধারিত অংশে সংযুক্ত করতে হবে।
- প্রার্থীদের নিয়োগ সংক্রান্ত সকল পরীক্ষার তারিখ এসএমএস ও ওয়েবসাইটের মাধ্যমে জানানো হবে এবং পরীক্ষার প্রবেশ পত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটঃ <https://jobs1.bdu.ac.bd/> থেকে ডাউনলোড করতে হবে। এই মর্মে কোন ধরনের পত্র ইস্যু করা হবে না।
- সাক্ষাৎকারের সময় সকল মূল সনদ ও সংশ্লিষ্ট অন্যান্য কাগজপত্র সঙ্গে আনতে হবে।
- অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও ভুল তথ্য সম্বলিত আবেদন বাতিল বলে গণ্য হবে।
- প্রার্থীদের আবেদনের সকল তথ্য সঠিকভাবে পূরণ করে অনলাইনে অর্থ মন্ত্রণালয় এর গত ১৭/০৮/২০২৩ ইং তারিখের ০৭.০০.০০০০.১৭২.৩৭.০০৩.১৪-২৩৫(১) নং স্মারক মোতাবেক পরীক্ষার ফি সংক্রান্ত উক্ত মন্ত্রণালয়ের নির্দেশনা অনুসরণ করে গ্রেড-৯ বা তদূর্ধ্ব পদের জন্য ৬০০/- (ছয়শত) টাকা জমা দিতে হবে (পেমেন্ট নির্দেশিকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটঃ <https://jobs1.bdu.ac.bd/> এ পাওয়া যাবে)।
- বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন আবেদনপত্র গ্রহণ বা বর্জন এবং নিয়োগ কার্যক্রমের আংশিক/ সম্পূর্ণ পরিবর্তন / বাতিল এবং পদের সংখ্যা হ্রাস / বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে।
- নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন ধরনের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসাবে বিবেচিত হবে।
- বিদেশী বিশ্ববিদ্যালয় হতে অর্জিত উচ্চ ডিগ্রির ক্ষেত্রে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) হতে ইস্যুকৃত সমমানের সনদ আবেদনের সময় অবশ্যই দাখিল করতে হবে।
- পরীক্ষার ফল প্রকাশ হয়নি এমন প্রার্থীদের আবেদনপত্র বিবেচিত হবে না।
- নিয়োগ লাভের পর প্রার্থীর প্রদত্ত কোন তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- Online আবেদনে কোন ধরনের সমস্যার সম্মুখীন হলে ০৯৬৬৬৭৭৫৫৩৪, ০১৫৫০০৫০৮৩৩ (IT Support) নম্বরে ফোন করে জরুরি সেবা গ্রহণ করা যেতে পারে।

Amur 30.05.24
(মুহাম্মদ আতাউর রহমান খান)

রেজিস্ট্রার

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ

স্মারক নং- ৩৭.০১.৩৩০৫.০৩৯.১১.০০২.২৪. ০৯৬৫

তারিখঃ ৩০ মে ২০২৪
১৬ জ্যৈষ্ঠ ১৪৩১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রদান করা হলো:(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ভাইস চ্যান্সেলর মহোদয়ের দপ্তর, বিডিইউ।
- প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের দপ্তর, বিডিইউ।
- ট্রেজারার মহোদয়ের দপ্তর, বিডিইউ।
- সকল দপ্তর/বিভাগীয় প্রধান, বিডিইউ।
- অফিস ফাইল/ গার্ড ফাইল, বিডিইউ।
- সকল নোটিশ বোর্ড, বিডিইউ।

Amur

সেকশন অফিসার

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ